# দৈনিক সংবাদ

তারিখ ... ... NOV 1 4 1999
পৃষ্ঠা ৭ কলাম ৬

03

## সাক্ষরতা আন্দোলন কালিয়াকৈরে চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা

গাজিপুর থেকে নিজস্ব সংবাদদাতা ঃ নিরক্ষরমুক্ত গাজিপুর গড়ার লক্ষ্যে 'অরুণোজ্জ্বল গাজিপুর' নামে গৃহীত সার্বিক সাক্ষরতা আন্দোলনের আওতায় শনিবার কালিয়াকৈর থানার চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা শেষ হয়। কৃষি ও খাদ্যমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী, প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী সতীশ চন্দ্র রায়, স্থানীয় সংসদ সদস্য মোঃ রহমত আলী, জেলা প্রশাসক মোঃ শামসুল হক, গাজিপুর পৌরসভার চেয়ারম্যান আ, ক, ম মোজাম্মেল হক, থানা নির্বাহী অফিসার মোঃ আশফাক হোসেন প্রমুখ সকাল থেকে বিকেল পর্যন্ত বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

এ কর্মসূচি গ্রহণ করার আগে যারা অক্ষর জ্ঞানহীন ছিল এমন ২৮ হাজার ১শ' ৭ জন নারী-পুরুষ ছয় মাসের পাঠ গ্রহণশেষে এ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে। মোট ৯১টি কেন্দ্রে পরীক্ষা গ্রহণ করা হয়।